মন্ত্রিপরিষদ বিভাগের অক্টোবর ২০২৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: অক্টোবর ২০২৬ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১০ নভেম্বর ২০২৬

(১) প্রশাসনিক:

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪৭৪	২৭৬	১৯৮
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	১,২০০	৮৯৮
মোট	২,৫৭২	১,৪৭৬	১,০৯৬

ক.২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	৩	-	৪৫	৩৩	৬৪	৫৩	১৯৮
দুর্নীতি দমন কমিশন	-	-	৩০৭	১৭৮	২৮৫	১২৮	৮৯৮
মোট	৩	-	৩৫২	২১১	৩৪৯	১৮১	১,০৯৬

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	৪৮	৩	৫১	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দিন)

মন্ত্রিপরিষদ বিভাগ	মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	-	৫	WRG-Supported National and Sub-National Platforms for Water শীর্ষক সভায় অংশগ্রহণের জন্য ১৪-১৮ অক্টোবর ২০২৬ মেয়াদে থাইল্যান্ড সফর করেন।
	সচিব, সমন্বয় ও সংস্কার		Service Design Global Conference 2026 and Knowledge Exchange Programme-এ অংশগ্রহণের জন্য ২৬ অক্টোবর থেকে ১ নভেম্বর ২০২৬ মেয়াদে জার্মানী সফর করেন।
	-	৭	
	অতিরিক্ত সচিব		১৩ অক্টোবর ২০২৬ তারিখে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা সফর করেন।
	১	-	

দুর্নীতি দমন কমিশন	সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	-	-	-

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	মন্তব্য
1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised)	৯৮	১১.৭১ (১১.৯৫ শতাংশ)	-
2. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V)	১১২.১৮	২৫.১৩ (২২.৪০ শতাংশ)	-
3.Strengthening SBCC Delivery System in Social Protection	৪৪.৯২	১৫.৩২ (৩৪.১০ শতাংশ)	
4. Strengthening Shock Responsive and Nutrition Sensitive Social Protection Programmes (SSRNSSPP)	৪২৫.৫২	৮৮.১৯ (২০.৭৩ শতাংশ)	
মোট	৬৮০.৬২	১৪০.৩৫ (২০.৬২ শতাংশ)	-

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর/কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি:

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

মন্ত্রণালয়/ সংস্থা	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৪টি	-	-	-	১৪টি	বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	৩৯টি	১৮৪.৫৫	৮টি	১২টি	২৭টি	-
মোট	৫৩টি	১৮৪.৫৫	৮টি	১২টি	৪১টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা
			চাকরিচ্যুতি/ বরখাস্ত	অন্যান্য দন্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	২	-	-	-	-	২	২
দুর্নীতি দমন কমিশন	১৩	-	-	-	-	১৩	২
মোট	১৫	-	-	-	-	১৫	৪

(৯) মানবসম্পদ উন্নয়ন:

ক. প্রতিবেদনাধীন মাসে নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ আয়োজন:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	১.	মার্কেট ম্যানিপুলেশন, ইনসাইডার ট্রেডিং বা ক্যাপিটাল মার্কেট ব্যবহারের মাধ্যমে সংগঠিত অপরাধ শনাক্ত ও তদন্ত পরিচালানা সংক্রান্ত প্রশিক্ষণ	১১-১৫ অক্টোবর এবং ২৫-২৯ অক্টোবর ২০২৬	৪০ জন
	২.	কমিশনের কার্যক্রম সংশ্লিষ্ট আইন ও বিধির পরিচিতি এবং দাপ্তরিক শৃঙ্খলা ও শিষ্টাচার বিষয়ক প্রশিক্ষণ	১১-১৫ অক্টোবর ২০২৬	২০ জন
	৩.	সম্পদ বিবরণী বিশ্লেষণ শীর্ষক সেমিনার	১৯ অক্টোবর ২০২৬	৩০ জন
	৪.	দুর্নীতি দমন কমিশনের কর্মচারীদের দক্ষতা নবায়ন প্রশিক্ষণ প্রদান	১১-১৫ অক্টোবর এবং ৩১ অক্টোবর থেকে ২ নভেম্বর ২০২৬	৬০ জন
	৫.	নব নিয়োগপ্রাপ্ত উপসহকারী পরিচালক ও কোর্ট পরিদর্শকদের ওরিয়েন্টেশন কোর্স	২৫-২৯ অক্টোবর ২০২৬	৪৭ জন

ক.১ সরকারি কর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘণ্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ২০২৬-২৭ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ চলমান রয়েছে।

ক.২ প্রতিবেদনাধীন মাসে আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী আমন্ত্রিত অতিথি বক্তা/প্রশিক্ষক:

ক্রম	অতিথি বক্তা/ প্রশিক্ষক	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণে অংশগ্রহণকারী	তারিখ
১.	জনাব আবু সাঈদ মোঃ কামরুজ্জামান, এনডিসি প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব) বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি	Basic Public Procurement Management and e-GP	নবম ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তা	৩১ অক্টোবর ২০২৬
২.	শেখ মুহাম্মদ রেফাত আলী পরিচালক (যুগ্মসচিব) বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি	Basic Public Procurement Management and e-GP	নবম ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তা	৩১ অক্টোবর ২০২৬

খ. প্রতিবেদনাধীন মাসে অন্য প্রতিষ্ঠানে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/এজেন্সি	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	১.	১২৫তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি), সাভার, ঢাকা	১৩ সেপ্টেম্বর থেকে ২৭ অক্টোবর ২০২৬	বিপিএটিসি জনপ্রশাসন মন্ত্রণালয়	৩ জন
	২.	Seminar on Development of Pilot Free Trade Zone for Senior Officials of Developing Countries শীর্ষক প্রশিক্ষণ, চীন	৯-২২ অক্টোবর ২০২৬	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	১ জন
	৩.	7th Training on Project Management Professional (PMP) Preparation Course শীর্ষক প্রশিক্ষণ	২৫-২৯ অক্টোবর ২০২৬	জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি	১ জন
	৪.	9th Sustainable Development and Project Management (SDPM) শীর্ষক প্রশিক্ষণ	১ সেপ্টেম্বর থেকে ১৯ অক্টোবর ২০২৬	জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি	১ জন
	৫.	Financial Management Course	৪ থেকে ১৫ অক্টোবর এবং ১৮-২৯ অক্টোবর ২০২৬	আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা	২ জন
দুর্নীতি দমন কমিশন	১ .	The Third Ministerial Meeting of Anti-Corruption Law Enforcement Authorities of the Organization of Islamic Cooperation (OIC) Member States	২৭-২৮ অক্টোবর ২০২৬	দুর্নীতি দমন কমিশন	১ জন
	২.	Migration Management Bangladesh Training (MMBT)	১৯-৩০ অক্টোবর ২০২৬	দুর্নীতি দমন কমিশন (নিজ অর্থায়ন)	১ জন

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে কর্মকালীন প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি না, না থাকলে কর্মকালীন প্রশিক্ষণ আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা:মন্ত্রিপরিষদ বিভাগের ১ জন এবং দুর্নীতি দমন কমিশনের ২ জন।

(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই।

(১১) আইন, বিধি ও নীতি প্রণয়ন এবং উল্লেখযোগ্য কার্যাবলি:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠক ৩টি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৬টি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৫টি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ১৭টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ১০টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ৭টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। প্রতিবেদনাধীন মাসে ১০টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ৪৫টি প্রস্তাব এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ৬টি প্রস্তাব গৃহীত হয়েছে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় ১৮টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৪) অক্টোবর ২০২৬ মাসে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)-এ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)-এর প্রধান নির্বাহী কর্মকর্তাকে সহায়তাদানকারী কর্মকর্তা হিসেবে অন্তর্ভুক্তকরণ, বিমান বন্দরসমূহের নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নের জন্য সুপারিশ প্রণয়ন কমিটি, সরকারী কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি গঠন এবং সার বিষয়ে কৃষি মন্ত্রণালয়কে সহায়তা করার জন্য মন্ত্রিসভা কমিটির প্রজ্ঞাপন বাতিল করা হয়েছে।

(৫) অক্টোবর ২০২৬ মাসে খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটি (এফপিএমসি) পুনর্গঠন করা হয়েছে।

(৬) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষার জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ২টি আইন মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে।

(৭) প্রধানমন্ত্রী ২৬-২৯ অক্টোবর ২০২৬ মেয়াদে টোকিও, জাপান সরকারি সফর করেন। প্রধানমন্ত্রীর বিদেশ গমন ও স্বদেশে প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়েছে।

(৮) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জনাব ইশরাক হোসেনের পদত্যাগপত্র রাষ্ট্রপতি কর্তৃক গৃহীত হয়েছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৯ অক্টোবর ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(৯) কমনওয়েলথ হেডস অফ গভর্নমেন্ট মিটিং (CHOGM 2026)'-এ বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব প্রদান এবং উক্ত সম্মেলনে ভারপ্রাপ্ত পররাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্ব পালনের নিমিত্ত পররাষ্ট্র প্রতিমন্ত্রী-১ জনাব হুমায়ুন কবিরকে 'ক্যাবিনেট মন্ত্রী'-র সমতুল্য পূর্ণ কর্তৃত্ব প্রদান করা হয়েছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৫ অক্টোবর ২০২৬ তারিখে জারি করা হয়েছে।

(১০) জাতীয় পতাকার মর্যাদা সমুন্নত রাখার লক্ষ্যে কমিটি গঠন সংক্রান্ত একটি অফিস আদেশ ১১ অক্টোবর ২০২৬ তারিখে জারি করা হয়েছে।

(১১) জাতীয় পতাকার প্রতি যথাযথ সম্মান ও মর্যাদা প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ তাঁর আওতাধীন দপ্তর এবং সাংবিধানিক/স্বশাসিত সংস্থাকে নির্দেশনা প্রদানের জন্য সকল সিনিয়র সচিব, সচিব এবং ভারপ্রাপ্ত সচিবকে ১১ অক্টোবর ২০২৬ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) প্রধানমন্ত্রীর নেতৃত্বে জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনে বাংলাদেশের অংশগ্রহণ সরকারের অঙ্গীকার ও প্রত্যাশাকে বিশ্ব পরিসরে তুলে ধরার পাশাপাশি দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সহযোগিতা সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় প্রধানমন্ত্রীসহ বাংলাদেশ প্রতিনিধিদলকে আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৮

সেপ্টেম্বর ২০২৬ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১ অক্টোবর ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১৩) অক্টোবর ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে সরাসরি মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত ১টি এবং পুনঃতদন্তের জন্য ২টিসহ মোট ৩টি অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) অক্টোবর ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ১০টি অভিযোগ তদন্তপূর্বক নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে ১০টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।

(১৫) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত সেপ্টেম্বর দ্বিতীয় এবং অক্টোবর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ প্রধানমন্ত্রীর সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১৬) অক্টোবর ২০২৬ মাসে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে কমিশনার এবং সকল জেলা প্রশাসকের জুম প্ল্যাটফর্মে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। অক্টোবর ২০২৬ মাসের কমিশনার মাসিক সমন্বয় সভায় ১৮টি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

(১৭) মন্ত্রণালয় ও বিভাগসমূহের কার্যাবলি সম্পর্কিত সেপ্টেম্বর ২০২৬ মাসের প্রতিবেদনের সারসংক্ষেপ প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করা হয়েছে। প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে প্রতিবেদনে উপস্থাপিত মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে।

(১৮) 'জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম' সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে অভিযান পরিচালনায় সহযোগিতা প্রদানের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) বৈধ ইটভাটায় খাল খননের মাটি সরবরাহ সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য সকল জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(২০) কুয়াকাটা সমুদ্রসৈকতের নিকটবর্তী গঙ্গামতি, বুলাসার ও কাউয়ার চর মৌজায় কারিগরি, অর্থনৈতিক ও পরিবেশগত তুলনামূলক মূল্যায়নের মাধ্যমে উপযুক্ত স্থান নির্বাচন এবং বিমানবন্দরকে কেন্দ্র করে প্রয়োজনীয় রেলওয়ে, পর্যটন ও অন্যান্য যোগাযোগ অবকাঠামো সমন্বিত করে একটি Master Plan প্রণয়ন ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

(২১) দেশীয় এবং বহির্গামী পর্যটন জরিপ ২০২৬-২৭ এবং অন্তর্গামী পর্যটন জরিপ ২০২৬-২৭ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(২২) সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ে গঠিত 'টাস্কফোর্স কমিটি'র জরুরি সভার সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৩) সরকারের অগ্রাধিকার কর্মসূচি (কৃষক কার্ড, ফ্যামিলি কার্ড, স্পোর্টস কার্ড, হেলথ কার্ড ও ইমাম-মুয়াজ্জিন ভাতা) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোনা সভা ৪ অক্টোবর ২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

(২৪) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ১৭৯ জন কর্মকর্তার অনুকূলে 'মোবাইল কোর্ট আইন, ২০০৯'-এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৫) ফৌজদারি কার্যবিধি-১৮৯৮-এর আওতায় ২০২৪ সাল পর্যন্ত দায়েরকৃত অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতে দীর্ঘমেয়াদি অনিষ্পন্ন মামলার তথ্য পর্যালোচনা ও পরিবীক্ষণ করা হয়। উক্ত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক সমন্বয় সভায় এবং কমিশনারদের মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

(২৬) জেলা সদরে কোর ভবনসমূহ নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২১১তম সভা অনুষ্ঠিত হয়েছে।

(২৭) ১৫ অক্টোবর ২০২৬ জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে ফরিদপুর জেলায় CRVS বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

(২৮) Grievance Redress System (GRS)-এর মাধ্যমে ১ জানুয়ারি হতে ৩১ অক্টোবর ২০২৬ মেয়াদে মোট দাখিলকৃত অভিযোগের সংখ্যা ৩৭,৮৯২টি এবং অভিযোগ নিষ্পত্তি হয়েছে ২১,১০৮টি, অভিযোগ নিষ্পত্তির হার ৫৫.৭১ শতাংশ।

(২৯) ২০২৯ সালের মধ্যে সকল নাগরিক সেবা ডিজিটালাইজেশন এবং সহজীকরণের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠপ্রশাসনের সকল নাগরিক সেবার তালিকা তৈরী করা হয়েছে।

(৩০) সিদ্ধান্ত গ্রহণে গতিশীলতা আনয়নের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগের ডি-নথি কার্যক্রম শতকরা ৮০ ভাগে উন্নীতকরণ এবং ওয়েবসাইট হালনাগাদ নিশ্চিতকরণে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইট যাচাইপূর্বক হালনাগাদ কার্যক্রমের তদারকি চলমান রয়েছে।

(৩১) Government Performance Monitoring System (GPMS) বাস্তবায়নের লক্ষ্যে সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়েছে।

(৩২) ৮ অক্টোবর ২০২৬ তারিখে সচিব, সমন্বয় ও সংস্কারের সভাপতিত্বে নির্বাচনী ইশতেহার ২০২৬ বাস্তবায়নের লক্ষ্যে FDI/GDP অনুপাত বৃদ্ধির উদ্দেশ্যে সংশ্লিষ্ট খাতের প্রকল্প ব্যবস্থাপনায় গতিসঞ্চার ও আর্থিক ক্ষমতা অর্পণ পুনর্বিন্যাসসহ প্রয়োজনীয় নীতি সংস্কার বিষয়ে দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩৩) মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) পর্যালোচনা সভা ২৭ অক্টোবর ২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

গ. আগামী (নভেম্বর-ডিসেম্বর ২০২৬) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি, প্রাক-নিকার সচিব কমিটি এবং মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন।

(২) মন্ত্রিসভা কমিটি/কমিশন/ অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য ২০টি আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন।

(৪) প্রধানমন্ত্রীর সভাপতিত্বে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১২২তম সভা আয়োজন।

(৫) জেলা সদরে কোর ভবনসমূহ নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২১২তম সভা আয়োজন।

(৬) মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে প্রাক-নিকার সচিব কমিটির সভা আয়োজন।

(৭) উপজেলা নির্বাহী অফিসারদের সঙ্গে প্রধানমন্ত্রীর নির্বাহী সংলাপ আয়োজন।

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব